# 2018
# GEOGRAPHY

**Time—Three Hours Fifteen Minutes**

*(First FIFTEEN minutes for reading the question paper only)*

**Full Marks — 90**

(For Regular and Sightless Regular Candidates)

**Full Marks — 100**

(For External and Sightless External Candidates)

*Special credit will be given for answers which are brief and to the point.*

*Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting.*

| |
|---|
| কেবল ২০১৮ সালের প্রথম পরীক্ষার্থী এবং ২০১৭ সালের প্রথমবার পরীক্ষায় অকৃতকার্য (কন্টিনিউয়িং, কম্পার্টমেন্টাল, বহিরাগত কম্পার্টমেন্টাল ও ই.ডব্লু.) পরীক্ষার্থীদের জন্য। |

**(New Syllabus)**

**(নতুন পাঠক্রম)**

['ক' বিভাগ থেকে 'চ' বিভাগ পর্যন্ত প্রদত্ত প্রশ্ন নিয়মিত ও বহিরাগত সব পরীক্ষার্থীদের জন্য এবং 'ছ' বিভাগে প্রদত্ত প্রশ্ন শুধুমাত্র বহিরাগত পরীক্ষার্থীদের জন্য]

'ক' বিভাগে সকল প্রশ্ন আবশ্যিক, অন্য বিভাগে বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়। 'চ' বিভাগে কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীরা বিকল্প প্রশ্নের নির্দেশ অনুযায়ী উত্তর লিখবে। অন্য সকলে মানচিত্র চিহ্নিত করবে।



**(নতুন পাঠক্রম)**

**বিভাগ — 'ক'**

১। বিকল্পগুলির থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো : ১×১৪=১৪

১.১ শুষ্ক অঞ্চলে গিরিখাতকে বলা হয় —
(ক) ক্যানিয়ন
(খ) 'V' আকৃতির উপত্যকা
(গ) মন্থকূপ
(ঘ) ধান্দ

১.২ পাখীর পায়ের মতো আকৃতির বদ্বীপ গঠিত হয়েছে
(ক) নীলনদের মোহনায়
(খ) হোয়াংহোর মোহনায়
(গ) সিন্ধুনদের মোহনায়
(ঘ) মিসিসিপি-মিসৌরীর মোহনায়

১.৩ উল্কাপিণ্ড পুড়ে ছাই হয় নিম্নলিখিত স্তরে—
(ক) আয়নোস্ফিয়ার (খ) স্ট্র্যাটোস্ফিয়ার
(গ) মেসোস্ফিয়ার (ঘ) এক্সোস্ফিয়ার

১.৪ মার্কিন যুক্তরাষ্ট্রে পৃথিবীর সর্বাপেক্ষা বিধ্বংসী ঘূর্ণিঝড় টর্নেডোকে এই নামেও ডাকা হয়—
(ক) সাইক্লোন (খ) টুইস্টার
(গ) টাইফুন (ঘ) হ্যারিকেন



www.neucademy.com

১.৫ শীতল লাব্রাডর স্রোত এবং উষ্ণ উপসাগরীয় স্রোত মিলিত হয়ে ঘনকুয়াশা ও ঝড় ঝঞ্ঝার সৃষ্টি করে যে উপকূল অঞ্চলে তা হলো—

(ক) নিউফাউণ্ডল্যাণ্ড উপকূল

(খ) গিনি উপকূল

(গ) ফ্লোরিডা উপকূল

(ঘ) পেরু উপকূল

১.৬ মরা কোটালের সময়ে চন্দ্র ও সূর্য পৃথিবীর সাপেক্ষে নিম্নলিখিত কোণে অবস্থান করে—

(ক) ১৮০° (খ) ৩৬০°

(গ) ৯০° (ঘ) ১২০°

১.৭ নিম্নলিখিত বর্জ্যপদার্থটি জৈব অভঙ্গুর বর্জ্য—

(ক) প্লাস্টিক বর্জ্য (খ) কৃত্রিম রাবার বর্জ্য

(গ) অ্যালুমিনিয়াম পাত (ঘ) সবকটিই প্রযোজ্য

১.৮ নিম্নলিখিত রাজ্য ভেঙ্গে তেলেঙ্গানা রাজ্যের সৃষ্টি হয়—

(ক) মধ্যপ্রদেশ (খ) অন্ধ্রপ্রদেশ

(গ) বিহার (ঘ) উত্তরপ্রদেশ

১.৯ শিবালিক হিমালয়ের পাদদেশীয় অঞ্চলে ক্ষুদ্র ক্ষুদ্র শিলাখণ্ড সঞ্চিত হয়ে যে সমভূমি গঠিত হয়েছে, তাকে বলে—

(ক) খাদার (খ) ভাঙ্গর

(গ) ভাবর (ঘ) বেট



(নতুন পাঠক্রম)

১.১০ ভারতে একটি লবণাক্ত হ্রদের উদাহরণ হলো—

(ক) প্যাংগং হ্রদ (খ) ভীমতাল

(গ) ডাল হ্রদ (ঘ) লোক্‌টাক হ্রদ

১.১১ ল্যাটেরাইট মৃত্তিকা দেখা যায় নিম্নলিখিত অঞ্চলে—

(ক) গাঙ্গেয় সমভূমি

(খ) পশ্চিমঘাট পর্বতের পশ্চিম ঢালে

(গ) সুন্দরবন

(ঘ) মরু অঞ্চল

১.১২ গম হলো একটি—

(ক) রবি শস্য (খ) খারিফ শস্য

(গ) জায়িদ শস্য (ঘ) পানীয় ফসল

১.১৩ উত্তরে শ্রীনগর থেকে দক্ষিণে কন্যাকুমারীকে যুক্ত করার জন্য দ্রুতগামী সড়ক যোগাযোগ পরিকল্পনার নাম দেওয়া হয়েছে—

(ক) পূর্ব-পশ্চিম করিডর

(খ) সোনালী চতুর্ভুজ

(গ) উত্তর-দক্ষিণ করিডর

(ঘ) উত্তর-মধ্য করিডর

১.১৪ ভারত থেকে প্রেরিত কৃত্রিম উপগ্রহ হল—

(ক) IRS (খ) LANDSAT

(গ) SPOT (ঘ) Station



www.neucademy.com

## বিভাগ - 'খ'

২। ২.১ নিম্নলিখিত বাক্যগুলি শুদ্ধ হলে পাশে 'শু' এবং অশুদ্ধ হলে পাশে 'অ' লেখো। (যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও) ঃ ১×৬=৬

২.১.১ জলপ্রপাতের পাদদেশে মন্থকূপের সৃষ্টি হয়।

২.১.২ বায়ুর চাপ ফর্টিন ব্যারোমিটারের সাহায্যে পরিমাপ করা হয়।

২.১.৩ নিরক্ষীয় জলবায়ু অঞ্চলে ঋতু পরিবর্তন লক্ষ্য করা যায়।

২.১.৪ প্রশান্ত মহাসাগরে সৃষ্ট এল নিনোর প্রভাবে দক্ষিণ আমেরিকার পশ্চিম উপকূলে খরার সৃষ্টি হয়।

২.১.৫ বিহার ও ছত্তিশগড় রাজ্যে ক্রান্তীয় চিরহরিৎ বনভূমি দেখা যায়।

২.১.৬ পেট্রোরসায়ন শিল্পকে 'আধুনিক শিল্পদানব' আখ্যা দেওয়া হয়।

২.১.৭ মহাকাশে কৃত্রিম উপগ্রহ যেখান থেকে চালু হয় তা হলো 'প্ল্যাটফর্ম'।

২.২ উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো (যে কোনো ছয়টির উত্তর দাও) ঃ ১×৬=৬

২.২.১ ________ নদীর নাম অনুসারে নদীতে সৃষ্ট বাঁক 'মিয়েণ্ডার' নামে পরিচিত।



(নতুন পাঠক্রম)

২.২.২ হিমবাহ পৃষ্ঠে আড়াআড়ি ও সমান্তরাল ফাটলগুলিকে ________ বলে।

২.২.৩ বায়ুমণ্ডলে উচ্চতা বৃদ্ধির সাথে উষ্ণতা বৃদ্ধি পাওয়াকে ________ বলে।

২.২.৪ ভরা কোটালের সময় সমুদ্রের জল প্রবল বেগে মোহনা দিয়ে নদীতে প্রবেশ করে, একে ________ বলা হয়।

২.২.৫ যে সকল বর্জ্য বিয়োজিত হয়ে জল মাটি ও বাতাসের সঙ্গে মিশে যায় তাকে ________ বলে।

২.২.৬ ________ মেঘালয় মালভূমির সর্বোচ্চ অংশ।

২.২.৭ ২০১১ খ্রিস্টাব্দের আদমসুমারি অনুসারে ভারতে স্বাক্ষরতার হার ________ শতাংশ।

২.৩ একটি বা দুটি শব্দে উত্তর দাও (যে কোনো ছয়টি) ঃ ১×৬=৬

২.৩.১ সাহারায় বালুকাময় মরুভূমি কি নামে পরিচিত?

২.৩.২ বায়ুমণ্ডলের কোন্ স্তরে জেট বিমান যাতায়াত করে ?

২.৩.৩ সামুদ্রিক মাছের প্রধান খাদ্য কী ?

২.৩.৪ একটি তেজস্ক্রিয় বর্জ্যের নাম লেখো।

২.৩.৫ দক্ষিণ ভারতের দীর্ঘতম নদীর নাম কী ?

২.৩.৬ ভারতের কোন্ অরণ্যে সিংহ পাওয়া যায় ?

২.৩.৭ ঝাড়খণ্ড ও পশ্চিমবঙ্গ রাজ্যের যৌথ বহুমুখী নদী পরিকল্পনার নাম লেখো।

২.৩.৮ কোন্ মানচিত্রে সমোন্নতি রেখার সাহায্যে ভূপ্রকৃতি বোঝানো হয়।



www.neucademy.com

২.৪ বামদিকের সাথে ডানদিকের গুলি মিলিয়ে লেখো ঃ

১×৪=৪

| বামদিক | ডানদিক |
|---|---|
| ২.৪.১ তাল | ১. কফিগবেষণা কেন্দ্র |
| ২.৪.২ ঝুম চাষ | ২. ডিজেল রেল ইঞ্জিন |
| ২.৪.৩ চিক্‌মাগালুর | ৩. পশ্চিম হিমালয়ের হ্রদ |
| ২.৪.৪ বারাণসী | ৪. মৃত্তিকা ক্ষয় |

## বিভাগ — 'গ'

৩। নীচের অংশগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) ঃ

২×৬=১২

৩.১ 'অপসারণ গর্ত' কিভাবে সৃষ্টি হয় ?

অথবা

হিমশৈল কী ?

৩.২ চিনুক কী ?

অথবা

অ্যাপোজি জোয়ার কাকে বলে ?

৩.৩ বর্জ্য পৃথকীকরণ কিভাবে করা হয় ?

অথবা

বর্জ্যের পুনর্নবীকরণ বলতে কি বোঝো ?

৩.৪ কর্ণাটক মালভূমির দুটি ভূপ্রাকৃতিক অংশের নাম লেখো।

অথবা

বৃষ্টির জল সংরক্ষণের দুটি উদ্দেশ্য কি কি ?





৩.৫ ধাপ চাষের গুরুত্ব কি ?

অথবা

ধারণযোগ্য উন্নয়ন বলতে কি বোঝো ?

৩.৬ উপগ্রহ চিত্র বলতে কি বোঝো ?

অথবা

ভূবৈচিত্র্যসূচক মানচিত্রের সংজ্ঞা দাও।

## বিভাগ — 'ঘ'

৪। সংক্ষিপ্ত ব্যাখ্যামূলক উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) ঃ

৩×৪=১২

৪.১ নদীর মোহনায় বদ্বীপ কেন গড়ে ওঠে ব্যাখ্যা করো।

অথবা

ট্রপোস্ফিয়ারে উচ্চতা বৃদ্ধির সঙ্গে উষ্ণতা হ্রাস পায় কেন ?

৪.২ গ্যাসীয় বর্জ্য নিয়ন্ত্রণের উপায়গুলি কি কি ?

অথবা

বর্জ্যের পরিমাণগত হ্রাস কিভাবে করা যায় ?

৪.৩ ভারতের অরণ্য সংরক্ষণের তিনটি প্রধান উপায় সংক্ষেপে আলোচনা করো।

অথবা

আধুনিক যোগাযোগ ব্যবস্থা বলতে কি বোঝো ?

৪.৪ ভূবৈচিত্র্যসূচক মানচিত্র ও উপগ্রহ চিত্রের পার্থক্য কি কি ?

অথবা

ভূবৈচিত্র্যসূচক মানচিত্রের তিনটি ব্যবহার উল্লেখ করো।



www.neucademy.com

(নতুন পাঠক্রম)

বিভাগ — 'ঙ'

(দৃষ্টিহীন পরীক্ষার্থীদের ক্ষেত্রে চিত্রাঙ্কন আবশ্যিক নয়)

৫। ৫.১ যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

৫.১.১ হিমবাহ ও জলধারার মিলিত সঞ্চয় কার্যের ফলে সৃষ্ট প্রধান ভূমিরূপগুলির চিত্রসহ বিবরণ দাও।

৫.১.২ পৃথিবীর নিয়ত বায়ুপ্রবাহগুলির উৎপত্তি ও গতিপথ চিত্রসহ ব্যাখ্যা করো।

৫.১.৩ ক্রান্তীয় মৌসুমি জলবায়ু অঞ্চলের প্রধান বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

৫.১.৪ সমুদ্রস্রোত সৃষ্টির কারণগুলি ব্যাখ্যা করো।

৫.২ যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

৫.২.১ ভারতের পশ্চিম হিমালয়ের ভূ-প্রকৃতির সংক্ষিপ্ত বিবরণ দাও।

৫.২.২ ভারতে কার্পাস উৎপাদনের অনকূল প্রাকৃতিক পরিবেশের বর্ণনা দাও।

৫.২.৩ পূর্ব ও মধ্য ভারতে লৌহ-ইস্পাত শিল্প গড়ে ওঠার প্রধান কারণগুলি ব্যাখ্যা করো।

৫.২.৪ ভারতে নগর গড়ে ওঠার প্রধান কারণগুলি আলোচনা করো।



(নতুন পাঠক্রম)

বিভাগ — 'চ'

৬। প্রশ্নপত্রের সাথে প্রদত্ত ভারতের রেখা-মানচিত্রে নিম্নলিখিতগুলি উপযুক্ত প্রতীক ও নামসহ চিহ্নিত করে মানচিত্রটি উত্তরপত্রের সঙ্গে জুড়ে দাও ঃ ১×১০=১০

৬.১ শিবালিক পর্বত,

৬.২ কৃষ্ণানদী,

৬.৩ ভারতের শুষ্কতম অঞ্চল,

৬.৪ ভারতের একটি লোহিত মৃত্তিকাযুক্ত অঞ্চল,

৬.৫ ভারতের কেন্দ্রীয় অরণ্য গবেষণাগার,

৬.৬ উত্তর ভারতের একটি গম উৎপাদক অঞ্চল,

৬.৭ দক্ষিণ ভারতের ম্যাঞ্চেস্টার,

৬.৮ পূর্ব উপকূলের একটি স্বাভাবিক বন্দর,

৬.৯ ভারতের প্রধান প্রশাসনিক কেন্দ্র,

৬.১০ ভারতের বৃহত্তম আন্তর্জাতিক বিমান বন্দর।

**অথবা**

**[ শুধুমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য ]**

৬। নিম্নলিখিত যে কোনো **১০টি** প্রশ্নের উত্তর দাও ঃ ১×১০=১০

৬.১ পীরপাঞ্জাল পর্বত ও উচ্চ হিমালয়ের মধ্যে কোন্ উপত্যকা অবস্থিত ?



www.neucademy.com

৬.২ বিন্ধ্য ও সাতপুরা পর্বতের মাঝে অবস্থিত গ্রস্ত উপত্যকার নাম লেখো।

৬.৩ ব্রহ্মপুত্র নদী অরুণাচল প্রদেশে কোন্ নামে পরিচিত ?

৬.৪ ভারতের বৃহত্তম উপহ্রদের নাম কী ?

৬.৫ ভারতের একটি কৃষ্ণ মৃত্তিকা সমৃদ্ধ রাজ্যের নাম লেখো।

৬.৬ ম্যানগ্রোভ অরণ্যের একটি উদ্ভিদের নাম লেখো।

৬.৭ পশ্চিমবঙ্গের কোন্ জেলা 'ধানের ভাণ্ডার' নামে পরিচিত ?

৬.৮ ইক্ষু উৎপাদনে ভারতের কোন্ রাজ্য প্রথম স্থান অধিকার করে ?

৬.৯ ভারতের একটি প্রাণীজভিত্তিক শিল্পের নাম লেখো।

৬.১০ দক্ষিণ ভারতের একটি মোটরগাড়ি নির্মাণ কেন্দ্রের নাম লেখো।

৬.১১ পূর্ব-ভারতের একটি ভারী ইঞ্জিনিয়ারিং শিল্পকেন্দ্রের নাম লেখো।

৬.১২ ভারতের করমুক্ত বন্দর কোন্‌টি ?

৬.১৩ ভারতের কোন্ রাজ্যের জনঘনত্ব সবচেয়ে বেশি ?

৬.১৪ ভারতের কোন্ রাজ্যের চা জগদ্বিখ্যাত ?





## বিভাগ — ছ

**[ শুধুমাত্র বহিরাগত পরীক্ষার্থীদের জন্য ]**

৭। ৭.১ যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও ঃ ২×৩=৬

৭.১.১ গৌর কাকে বলে ?

৭.১.২ বায়ুমণ্ডল বলতে কি বোঝো ?

৭.১.৩ হিমরেখা কাকে বলে ?

৭.১.৪ শিল্পজাত দুটি বর্জ্য পদার্থের নাম লেখো ।

৭.২ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৪=৪

৭.২.১ ৪০° দক্ষিণ অক্ষরেখার অপর নাম কী ?

৭.২.২ যমুনা নদী কোন্ হিমবাহ থেকে সৃষ্ট হয়েছে ?

৭.২.৩ সবুজ বিপ্লবের সাফল্য ভারতের কোন্ রাজ্যে সর্বাধিক দেখা যায় ?

৭.২.৪ পশ্চিমবঙ্গের একটি সাংস্কৃতিক শহরের নাম লেখো।

৭.২.৫ ইসরোর প্রধান কার্য্যালয় কোথায় অবস্থিত ?



www.neucademy.com